

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৬.২০১৫-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন, প্রশিক্ষক(ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং), সমাপ্ত কারিগরী প্রশিক্ষণ(২য় পর্ব) শীর্ষক প্রকল্পের আওতায় চট্টগ্রাম জেলায় কর্মকালীন গত ০৭-৫-২০১৫ খ্রিঃ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতি, স্থানীয় কর্তৃপক্ষের প্রেরিত পত্রের জবাব না দেয়া এবং প্রশিক্ষার্থীদের ভর্তির টাকা সরকারী কোষাগারে জমা না দিয়ে নিজের কাছে গচ্ছিত রাখার অভিযোগে অত্র দপ্তরের ০৯-০৯-২০১৫ খ্রিঃ তারিখের ৩৪৬ সংখ্যক আদেশে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় অভিযুক্ত কর্মচারী জবাব দাখিল না করায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অননুমোদিত অনুপস্থিতির বিষয়টি প্রমানিত হয়েছে। তবে অসুস্থতাজনিত কারণে গ্রামের বাড়িতে অবস্থান করায় স্থানীয় কর্তৃপক্ষের দেয়া পত্র না পাওয়ার এবং প্রশিক্ষার্থীদের ভর্তি ফি ইতোমধ্যে জমা প্রদানের বিষয়টি তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে;

যেহেতু, তদন্তে অভিযুক্তের বিরুদ্ধে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রমানিত হয়েছে, তবে ইতোমধ্যে প্রশিক্ষার্থীর ভর্তি ফি সরকারী কোষাগারে তিনি জমা দেয়ায় এবং এ ধরনের কার্যক্রম ভবিষ্যতে না করার অঙ্গীকার করায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) বিধি মোতাবেক লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন, প্রশিক্ষক(ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং), সমাপ্ত কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্ব), যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম-কে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো; তার অননুমোদিত অনুপস্থিতকাল নির্ধারিত ছুটি বিধি অনুযায়ী নিষ্পত্তি হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোন : ৯৫৫৯৩৮৯

তারিখঃ ৩১-৩-২০১৬ খ্রিঃ।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২৬.২০১৫-৮১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম।
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি)যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম।
- ০৬। জনাব মোহাম্মদ বেলায়েত হোসেন, প্রশিক্ষক(ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং), সমাপ্ত কারিগরী প্রশিক্ষণ প্রকল্প (২য় পর্ব), যুব উন্নয়ন অধিদপ্তর, চট্টগ্রাম।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)

সহকারী পরিচালক(শৃঙ্খলা)

ফোন : ৯৫৫১৮৫৯